

💵 নবীদের কাহিনী

বিভাগ/অধ্যায়ঃ হযরত মুহাম্মাদ (সাঃ) - মাদানী জীবন রচয়িতা/সঙ্কলকঃ ডঃ মুহাম্মাদ আসাদুল্লাহ আল-গালিব

তিনটি অছিয়ত (الوصايا الثلاثة)

অতঃপর আল্লাহর রাসূল (ছাঃ) সবাইকে তিনটি অছিয়ত করেন।-

- (১) ইহুদী, নাছারা ও মুশরিকদের আরব উপদ্বীপ থেকে বের করে দিয়ো।
- (২) প্রতিনিধিদলের সম্মান ও আপ্যায়ন অনুরূপভাবে করো, যেভাবে আমি করতাম।[1]
- (৩) তৃতীয় অছিয়তটির কথা রাবী সুলায়মান আল-আহওয়ালের বর্ণনায় আসেনি' (বুখারী হা/৩১৬৮)। তবে ছহীহ বুখারীর 'অছিয়ত সমূহ' অধ্যায়ে আন্দুল্লাহ বিন আবু 'আওফা (রাঃ)-এর বর্ণনায় এসেছে যে, সেটি ছিল আল্লাহর কিতাবকে আঁকড়ে ধরো' (বুখারী হা/২৭৪০)।

ফুটনোট

[1]. বুখারী হা/৩০৫৩; মুসলিম হা/১৬৩৭; মিশকাত হা/৪০৫২, ৪০৫৩, ৫৯৬৬।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=5743

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন